ভোরের কাগজ

তারিখ ... JUL. 1 3 1999
পৃষ্ঠা ১০ কলাম ৬

62

# ঢাকায় অ্যাপটেকের সপ্তম শিক্ষাকেন্দ্র

কাগজ প্রতিবেদক : 'অ্যাপটেক কম্পিউটার এডুকেশন' ঢাকায় ইস্কাটনে তাদের সপ্তম কম্পিউটার শিক্ষা কেন্দ্র চালু করেছে। এ উপলক্ষে অ্যাপটেক এবং বাংলাদেশে তাদের ব্যবসায়িক অংশীদার ফ্লোরা সিস্টেমস লিঃ যৌথভাবে গতকাল সোমবার ঢাকার একটি হোটেলে এক সংবাদ সম্মেলনের আয়োজন করে। সম্মেলনে ফ্লোরা এবং অ্যাপটেক-এর কর্মকর্তারা বলেন, দক্ষ ও উচ্চ মানসম্পন্ন কম্পিউটার কর্মী গড়ে তোলাই তাদের মূল লক্ষ্য।

সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন ফ্লোরা সিস্টেমস-এর চেয়ারম্যান মোস্তফা নুরুল ইসলাম, ব্যবস্থাপনা পরিচালক মোস্তফা রফিকুল ইসলাম, অ্যাপটেক-এর বাংলাদেশ প্রধান তরুণ মিত্র, ফ্লোরার নির্বাহী পরিচালক তপন কান্তি সরকার এবং এক্সিয়ম টেকনোলজিস-এর নির্বাহী পরিচালক রেজওয়ান বিন ফারুক। তারা বলেন, বাংলাদেশে কম্পিউটার প্রযুক্তিতে বিপ্লব ঘটানোর প্রচেষ্টায় অ্যাপটেক গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

সংবাদ সম্মেলনে জানানো হয় যে, ইস্কাটনের নতুন শিক্ষাকেন্দ্রটিতে সর্বাধুনিক কম্পিউটার যন্ত্রপাতি এবং উন্নত পরিবেশে বিভিন্ন মাধ্যমের কর্মমুখী প্রশিক্ষণ দেওয়া হবে। এখানে প্রশিক্ষণার্থীদের জন্য প্রতি ঘন্টায় গড়ে ১১০ টাকা হারে ব্যয় হবে বলে তারা জানান। প্রসঙ্গত, বিশ্বের ২৪টি দেশে অ্যাপটেক-এর ১ হাজার ২৫০টি শিক্ষা কেন্দ্র রয়েছে। ভারতীয় এই কোম্পানিটি ১৯৯২ সালে বাহরাইনে একটি কম্পিউটার শিক্ষাকেন্দ্র চালুর মধ্য দিয়ে আন্তর্জাতিক পরিসরে তাদের কার্যক্রম শুরু করে।